তারিখ 15 MAY 2016
পৃষ্ঠা ২২ কলাম ৪

সংবাদ

# ভাণ্ডারিয়ায় গণিত পরীক্ষা না দিয়েও উত্তীর্ণ!

**প্রতিনিধি, পিরোজপুর**

পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার শিংহখালী স্কুল অ্যান্ড কলেজের ছাত্রী রেশমা আক্তার এবার এসএসসি পরীক্ষায় গণিত বিষয়ে অংশ না নিলেও সদ্য প্রকাশিত এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলে সে উত্তীর্ণ হয়েছে। বুধবার প্রকাশিত এসএসসি পরীক্ষার ফলাফলে রেশমা আক্তার ৪ দশমিক ৬ পয়েন্ট পেয়ে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে বলে জানা গেছে। এদিকে এ ধরনের খবরে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

জানা গেছে, গত ২ ফেব্রুয়ারি শুরু হওয়া এ বছরের এসএসসি পরীক্ষায় ভাণ্ডারিয়ার শিংহখালী স্কুল অ্যান্ড কলেজ থেকে বাণিজ্য বিষয়ে অংশ নেয় পরীক্ষার্থী রেশমা আক্তার। গত ২৩ ফেব্রুয়ারি বিষয় কোড (১০৯) গণিত বিষয়ে কোন কারণবশত অংশ নিতে পারেনি সে। তবে বাকি পরীক্ষায় অংশ নেয়। গত বুধবার প্রকাশিত-মিনিস্টারি অব অ্যাডুকেশন ইন্টারমিডিয়েট অ্যান্ড সেকেন্ডারি অ্যাডুকেশন বোর্ড বরিশালের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফলে দেখা গেছে রোল নং ৪৪২৬৮৮, নাম রেশমা আক্তার, পিতা মো. হাবিব মুন্সি, মাতা মমতাজ বেগম, প্রাপ্ত ফলাফল জিপিএ-৪.০৬ পয়েন্ট।

এ বিষয়ে জানতে চাইলে বৃহস্পতিবার দুপুরে শিংহখালী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. নুরুল আলম ঘটনার সত্যতা স্বীকার করে জানান, রেশমা অনিবার্য কারণে গণিত বিষয়ে পরীক্ষায় অংশ নিতে পারেনি। তবে পরীক্ষার ফলাফলে সে কিভাবে উত্তীর্ণ হলো তা তিনি বলতে পারছেন না।

এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জহিরুল আলম জানান, যদিও ফলাফল এখন ওয়েবসাইটে প্রকাশ করা হয়। তবে ওই পরীক্ষার ফল বিভ্রাটের বিষয়টি তাকে ওই প্রতিষ্ঠানের অধ্যক্ষ অবহিত করেছেন বলে তিনি জানান।

এ বিষয়ে বরিশাল শিক্ষা বোর্ড চেয়ারম্যান প্রফেসর মো. জিয়াউল হক মুঠোফোনে জানান, শিক্ষা বোর্ড থেকে বিদ্যালয়ে পাঠানো রেজাল্টশিটে রেশমা আক্তারকে উত্তীর্ণ দেখানো হলেও তা ভুল হয়েছে। তিনি জানান, বোর্ডের ওয়েবসাইটে রেশমাকে অনুপস্থিত দেখানো হয়েছে। সত্যতা পেলে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।